# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০৩১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৭. তৃতীয় অনুচ্ছেদ - হাদিয়া (উপহার) ও হিবার (অনুদান) প্রসঙ্গে

আরবী

عَنْ جَابِرٍ قَالَ: قَالَتِ امْرَأَةُ بَشِيرٍ: انْحَلِ ابْنِي غُلَامَكَ وَأَشْهِدْ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: إِنَّ ابْنَةَ فُلَانٍ سَأَلَتْنِي أَنْ أَنْحَلَ ابْنَهَا غُلَامِي وَقَالَتْ: أَشْهِدْ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «أَلَهُ إِخْوَةٌ؟» قَالَ: نَعَمْ قَالَ: «أَفَكُلَّهُمْ أَعْطَيْتَهُمْ مِثْلَ مَا أَعْطَيْتَهُ؟» قَالَ: لَا قَالَ: «فَلَيْسَ يَصْلُحُ هَذَا وَإِنِّي لَا أَشْهَدُ إِلَّا على حق» . رَوَاهُ مُسلم

বাংলা

৩০৩১-[১৬] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, বাশীর (রাঃ)-এর স্ত্রী [’আমরাহ্ বিনতু রওয়াহাহ্ (রাঃ)] বাশীরকে বলল, আমার ছেলেকে তোমার ক্রীতদাসটি দান কর এবং এতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সাক্ষী রাখিও। অতঃপর সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট এসে বলল, হে আল্লাহর রসূল! অমুকের মেয়ে আমার নিকট আবদার করেছে, আমি যেন তার ছেলেকে আমার ক্রীতদাসটি দান করি এবং বলেছে, ’এ ব্যাপারে যেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সাক্ষীও রাখি।’ তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তার অন্য ভাই আছে কি? সে বলল, হ্যাঁ। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তাদের প্রত্যেককেই কি এর অনুরূপ দান করেছে? সে বলল, না। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তবে এটা ন্যায়সঙ্গত নয়। আর আমি হক ব্যতীত অন্য কিছুর উপরে সাক্ষী হই না। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৬২৪, আহমাদ ১৪৪৯২, সহীহ ইবনু হিব্বান ৫১০১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: শিক্ষণীয় বিষয়-

(১) সন্তানাদিকে দানের ক্ষেত্রে সমতা রক্ষা করা প্রতিটি ব্যক্তির ওপর আবশ্যক।

(২) কোনো প্রশ্নকারীর উত্তর দেয়ার পূর্বে ঐ প্রশ্নের সাথে সংশ্লিষ্ট সম্ভাবনাময় সমস্যাগুলো সম্পর্কে যে কোনো পন্থায় জেনে নেয়া।

(৩) অন্যায়ের ব্যাপারে সাক্ষ্য দেয়া বৈধ না।

(৪) কোনো সাক্ষ্যর প্রয়োজন হলে সৎ ব্যক্তিকে সাক্ষী রাখা। (সম্পাদক)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68358

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন